

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-দুদক/জনসংযোগ/

তারিখ: ১১/১০/২০১৫ খ্রি:

বিষয় : এশিয়া প্যাসিফিক গ্রুপ (এপিজি) সদস্যদের সাথে দুর্নীতি দমন কমিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত।

১১ অক্টোবর' ২০১৫ তারিখ বেলা সাড়ে বারোটায় দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে বৈশ্বিক প্রেক্ষাপটে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নে প্রতিরোধে গঠিত ফাইন্যান্সিয়াল এ্যাকশন টাস্ক ফোর্স (FATF) আদলে এশিয়া প্যাসিফিক অঞ্চলের জন্য গঠিত এশিয়া প্যাসিফিক গ্রুপ অন মানিলন্ডারিং (এপিজিএমএল) এর প্রতিনিধি দলের সদস্যদের সাথে দুর্নীতি দমন কমিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান মোঃ বদিউজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে জনাব মোঃ বদিউজ্জামান বলেন, এটা বাংলাদেশের জন্য তৃতীয় বারের মত মিউচুয়াল ইভালুয়েশন। তিনি বলেন আমরা এফএটিএফ এর অবশিষ্ট শর্তসমূহ পরিপালনে আমাদের সর্বোচ্চ সাধ্যানুযায়ী চেষ্টা করেছি। আমরা ২০০৮ ও ২০১২ সনের এপিজি কর্তৃক অন সাইট ভিজিটের পর্যবেক্ষণসমূহের আলোকে আমরা সেগুলোকে মূল্যায়ন ও বাস্তবায়নের দিকটি সক্রিয়ভাবে বিবেচনা করেছি। তিনি আরও বলেন দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪, মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং সন্ত্রাসে অর্থায়ন অধ্যাদেশ ২০১৩ এর আলোকে দুর্নীতিপরায়েণ ব্যক্তি ও মানিলন্ডারিং মামলাসমূহ নিবিড়ভাবে পরিচালনা করছি। আমি বিশ্বাস করি এক্ষেত্রে আমাদের সফলতা উৎসাহব্যঞ্জক। আমরা সফলতার সাথে সিংগাপুর থেকে ২১ কোটি টাকা দেশে ফেরত আনতে পেরেছি। বিদেশ থেকে আরও অর্থ ফেরত আনার প্রক্রিয়া অব্যাহত রেখেছি। তিনি আরও বলেন এপিজির তৃতীয় রাউন্ড মিউচুয়াল ইভালুয়েশন বাংলাদেশকে আরও সুফল এনে দিবে।

কমিশনের মহাপরিচালক ব্রিঃ জেঃ (অব:) এম এইচ সালাহুদ্দিন কমিশনের কার্যক্রম ও ন্যাশনাল রিস্ক এ্যাসেসমেন্ট এর কার্যক্রম সংক্রান্ত লিখিত বক্তব্য উপস্থাপন করেন। এপিজি'র সদস্যবৃন্দ কমিশনের বক্তব্য গভীর মনোযোগ সহকারে শোনে এবং কোনো কোনো ক্ষেত্রে প্রশ্ন করে বিভিন্ন বিষয় জানতে চান। মতবিনিময় সভা অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে কমিশনের কমিশনার (তদন্ত) মোঃ সাহাবুদ্দিন চুপ্পু ও কমিশনার (অনুসন্ধান) ড. নাসিরউদ্দীন আহমেদ।

অনুষ্ঠানে কমিশনের মহাপরিচালকবৃন্দ, পরিচালকবৃন্দ, বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইন্টিলিজেন্স ইউনিটের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এবং পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

(প্রণব কুমার ভট্টাচার্য্য)
জনসংযোগ কর্মকর্তা

মামলা দায়ের :

১। বেসিক ব্যাংক লিঃ এর ঢাকার বিভিন্ন শাখায় প্রায় ২১০০ কোটি টাকা আত্মসাতের অভিযোগে ২৭ জন ব্যাংক কর্মকর্তাসহ মোট ১২০ জনের বিরুদ্ধে গুলশান, মতিঝিল ও পল্টন থানায় মোট ৫৬ টি মামলা দায়ের করা হয়েছে।

২। পরস্পর যোগশাজসে ২০১৩-১৪ অর্থ বছরে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ঢাকা জেলা পরিষদের প্রকল্পসমূহের মধ্যে বিভিন্ন ভূয়া ও অস্তিত্বহীন প্রকল্পের বিপরীতে প্রায় ১,৬৯,০০,০০০/- টাকা উত্তোলনপূর্বক আত্মসাত এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র বিনষ্ট করার অভিযোগে জনাব মোহাম্মদ মফিজুর রহমান, প্রাক্তন উপসহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, ঢাকা এবং জনাব জসিম উদ্দিন আহমেদ চৌধুরী, সিনিয়র অফিসার, সোনালী ব্যাংক লি:. ডিস্ট্রিক্ট কাউন্সিল হল শাখা, ঢাকাসহ অন্য ৭০ জনের মোট ১৫ টি মামলা দায়েরের অনুমোদন দেয়া হয়েছে।